



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ০৮.০৫.২০১৮ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে নানা আয়োজনে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উদ্যাপন

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে নানা আয়োজনের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্যাপিত হয়েছে ২৫ শে বৈশাখ। এ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির আয়োজনে বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে অদ্য ২৫ শে বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দে সকাল ১০ ঘটিকায় প্রশাসনিক ভবন-১ এর নিচ তলায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলা বিভাগের চেয়ারম্যান শারমিন আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। অনুষ্ঠানে শিক্ষার্থীদের পরিবেশনায় রবীন্দ্র সঙ্গীত, কবিতা আবৃত্তি ও ন্যূন্যত্ব পরিবেশনা ও নাটক মঞ্চায়িত হয়। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন পৃথিবীতে এমন কিছু মানুষ আসে যাঁরা তাদের কর্মের দ্বারা যুগ্ম ধরে পরিচিত হয়ে থাকে, এ রকমই একজন হচ্ছেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর। তিনিই একমাত্র কবি যিনি তাঁর দেশের জাতীয় সঙ্গীতের রচয়িতা, অন্যকোন কবির ক্ষেত্রে এ বিরল ইতিহাস আর নেই। রবীন্দ্রনাথ তাঁর লেখনীর মাধ্যমে সমাজ ও রাজনীতির বিভিন্ন দিক তুলে নিয়ে এসেছেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে রবীন্দ্রনাথের এক একটি গানই আমাদের প্রেরণা যুগিয়েছে। আর তাই যথার্তই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রবি ঠাকুরের গাওয়া গানকে বাংলাদেশের জাতীয় সঙ্গীত হিসেবে বেছে নিয়েছেন। কাজেই আমরা যারা রবীন্দ্রনাথের চিন্তা-চেতনা ও দর্শনকে লালন করি তাদের দায়িত্ব হচ্ছে সকলকে শুদ্ধরূপে রবীন্দ্রচর্চায় অনুপ্রাণিত করা। ২৫ শে বৈশাখ উদ্যাপনের এ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রেস্টের, বিভাগীয় প্রধানগণ, প্রভোস্টবৃন্দ, শিক্ষকমণ্ডলী, পরিচালকগণ, শিক্ষার্থীবৃন্দ, দণ্ডরপ্রধানগণ, কর্মকর্তা ও কর্মচারীরা। অনুষ্ঠান শেষে বাংলা নববর্ষ ১৪২৫ উদ্যাপনে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এদিকে বিকেলে ‘বাংলাদেশ বেতার’ বরিশাল এর আয়োজনে বিশ্ববিদ্যালয়ে ‘শ্রোতা আনন্দ মেলা-২০১৮’ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ বেতার বরিশাল এর আঞ্চলিক পরিচালক এস. এম. জাহিদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং চিফ অব ফিল্ড অফিস, ইউনিসেফ, বরিশাল বিভাগ এ এইচ তৌফিক আহমেদ। অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ে নবগঠিত বেতার শ্রোতা ক্লাবের সদস্যদের মাঝে রেডিও সেট বিতরণ করা হয় এবং বেতারের বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানও পরিবেশিত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০১৮

মো. ফয়সল মাহমুদ রফিমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস